# আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড

(আইসিবি'র একটি সাবসিডিয়ারি)
গ্রীন সিটি এজ্ (৫ম তলা), ৮৯, কাকরাইল, ঢাকা-১০০০।
www.icbamcl.com.bd

**অ্যাডমিনিস্ট্রেশন ডিপার্টমেন্ট**

নং- ০১.০২.৫২৮৭ তারিখঃ ১৬ চৈত্র ১৪২৯ / ৩০ মার্চ ২০২৩

# নিয়োগ বিজ্ঞপ্তি

আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড এর নিম্নোক্ত স্থায়ী পদসমূহে নিয়োগের নিমিত্ত প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম | গ্রেড ও বেতনস্কেল | শূন্য পদ | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১. | সিনিয়র অফিসার | গ্রেড-৯<br>টাকা ২২০০০-২৩১০০-২৪২৬০---৪৮১২০-৫০৫৩০-৫৩,০৬০ স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। | ১৩ টি | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে ফিন্যান্স, ব্যাংকিং, মার্কেটিং, একাউন্টিং, ম্যানেজমেন্ট, পরিসংখ্যান, অর্থনীতি, আইন এবং ব্যবসা প্রশাসন বিষয়ে ২টি প্রথম বিভাগ/শ্রেণি বা সমমান সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা উপরিউক্ত বিষয়ে ০৪ বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি থাকতে হবে। শিক্ষাজীবনে কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়। |
| ০২. | অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামার | গ্রেড-৯<br>টাকা ২২০০০-২৩১০০-২৪২৬০---৪৮১২০-৫০৫৩০-৫৩,০৬০ স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। | ০৪ টি | ক) স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে পদার্থ বিজ্ঞান, ফলিত পদার্থ বিজ্ঞান, গণিত, কম্পিউটার বিজ্ঞান বিষয়ে ২টি প্রথম বিভাগ/শ্রেণি বা সমমান সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা উপরিউক্ত বিষয়ে ০৪ বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার বিজ্ঞানে বি.এসসি ডিগ্রি থাকতে হবে। শিক্ষাজীবনে কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।<br>খ) প্রোগ্রামিং সংক্রান্ত স্ট্যান্ডার্ড অ্যাপটিটিউড টেস্টে উত্তীর্ণ হতে হবে। |
| ০৩. | অ্যাসিস্ট্যান্ট অফিসার গ্রেড-II (ডাটা এন্ট্রি অপারেটর) | গ্রেড-১৬<br>টাকা ৯৩০০-৯৭৭০-১০২৬০---২০৩৯০-২১৪১০-২২৪৯০ স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। | ০৭ টি | ক) যে কোন লেভেলে ১টি প্রথম বিভাগ/শ্রেণি বা সমমান সিজিপিএসহ স্নাতক ডিগ্রি থাকতে হবে। শিক্ষাজীবনে কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।<br>খ) ইংরেজি ও বাংলায় প্রতি মিনিটে যথাক্রমে ২৫ শব্দ ও ২০ শব্দ টাইপিংয়ের যোগ্যতাসহ কম্পিউটারের সাধারণ জ্ঞান থাকতে হবে। |

০২। **সকল পদের জন্য শিক্ষাগত যোগ্যতার মান নির্ধারণী নির্দেশনা-**
গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ ও ০২/০৩/২০১০ তারিখের প্রজ্ঞাপন নং-শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ এবং শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমান প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম ও ২য় বিভাগ/শ্রেণি নিম্নরূপে নির্ধারিত হবেঃ

(১) এসএসসি বা সমমান এবং এইচএসসি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে-

| | |
|---|---|
| জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ |
| জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম | দ্বিতীয় বিভাগ |

(২) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে-

| অর্জিত সিজিপিএ | | সমতুল্য শ্রেণি/বিভাগ |
|---|---|---|
| ৪.০০ পয়েন্ট স্কেলে | ৫.০০ পয়েন্ট স্কেলে | |
| ৩.০০ বা তদূর্ধ্ব | ৩.৭৫ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ/শ্রেণি |
| ২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | ২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম | দ্বিতীয় বিভাগ/শ্রেণি |

০৩। **২৫ মার্চ ২০২০ খ্রি. তারিখে বয়স:**
ক) বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থী ব্যতিত সকল প্রার্থীর ক্ষেত্রে অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর;
খ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর;
গ) বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৪। **আবেদনপত্র দাখিলের সময়সীমা: ০৯.০৪.২০২৩ খ্রি. হতে ৩০.০৪.২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত**

০৫। আগ্রহী প্রার্থীগণকে নির্ধারিত সময়ের মধ্যে আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড এর ওয়েবসাইটে (http://www.icbamcl.com.bd/career অথবা http://icb.org.bd/iamcl/career) Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে।

০৬। **আবেদন ফি:** আবেদনকারীকে ১-২ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য আবেদন ফি বাবদ ৬০০.০০ (ছয়শত) টাকা (অফেরতযোগ্য) এবং ৩নং ক্রমিকে বর্ণিত পদের জন্য আবেদন ফি বাবদ ২০০.০০ (দুইশত) টাকা (অফেরতযোগ্য) ই-পেমেন্ট গেটওয়ে SSLCOMMERZ এর মাধ্যমে (বিস্তারিত অনলাইন ফর্মে পাওয়া যাবে) জমা প্রদান করতে হবে। উল্লেখ্য, আবেদন ফি প্রদানে Amex এবং Qcash এর ক্ষেত্রে অনলাইন সার্ভিস চার্জ ৩.৫% এবং অন্য সকল পেমেন্ট চ্যানেলে অনলাইন সার্ভিস চার্জ ২.৫% প্রযোজ্য হবে। আবেদনপত্র দাখিলের পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে (সরকারি ছুটির দিনসহ) প্রযোজ্য ফি জমা প্রদান করতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে বিবেচিত হবে।

০৭। O' Level এবং A' Level এর ক্ষেত্রে এদেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রি ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে। প্রত্যেক আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে। সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়ে ভুল তথ্য প্রদান করলে বা কোন তথ্য গোপন করলে কোম্পানিতে নিয়োগপ্রাপ্ত হওয়ার পর অপ্রদর্শিত সার্টিফিকেট পরবর্তীতে গ্রহণযোগ্য হবে না।

০৮। Online Application Form এ পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক প্রকাশিত পরীক্ষার ফলাফলের তারিখ প্রার্থী কর্তৃক অবশ্যই উল্লেখ করতে হবে।

০৯। অনলাইনে আবেদন করার সময় Application Form পূরণ করার নিয়ম ও অন্যান্য শর্তাবলি কোম্পানির ওয়েবসাইটে পাওয়া যাবে। অনলাইনে আবেদন করার পর প্রার্থী কর্তৃক Tracking Number ও Password যথাযথভাবে সংরক্ষণ করতে হবে এবং Online Application Form টি ডাউনলোড করতে হবে।

১০। প্রার্থীগণকে প্রাথমিকভাবে কোন কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত/ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের নিকট হতে আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি দাখিলের জন্য আহবান করা হবে। দাখিলকৃত দলিলাদির সঠিকতা যাচাইয়ান্তে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য সুযোগ দেয়া হবে।

১১। চাকুরিরত প্রার্থীগণ তাঁদের নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে হবে এবং লিখিত পরীক্ষা ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিসহ ১০নং ক্রমিকে উল্লিখিত শর্ত মোতাবেক দলিলাদি দাখিল করতে হবে। অন্যথায় প্রার্থীর আবেদন বাতিল বলে গণ্য হবে।

১২। আবেদনের সময় প্রদত্ত স্থায়ী ঠিকানার সপক্ষে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র মৌখিক পরীক্ষার পূর্বে জমা প্রদান করতে হবে। বিবাহিত মহিলা প্রার্থীগণ স্থায়ী ঠিকানা হিসেবে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করেন সেক্ষেত্রে উক্ত স্থায়ী ঠিকানার সনদপত্র দাখিল করতে হবে।

১৩। Online আবেদনপত্রের নির্ধারিত স্থানে প্রার্থীর সদ্য তোলা Formal রঙিন ছবি (300×300) pixel, file size 100 KB ও স্বাক্ষর (300×80) pixel, file size 50 KB মানের ছবি ও স্বাক্ষর স্ক্যান করে upload করতে হবে। ছবি ও স্বাক্ষর এর ব্যাকগ্রাউন্ড অবশ্যই সাদা হতে হবে।

১৪। নিয়োগের ক্ষেত্রে কোম্পানির চাকুরি প্রবিধানমালা এবং প্রযোজ্য অন্যান্য বিধি-বিধান অনুসরণ করা হবে।

১৫। অসম্পূর্ণ/ভুল/ত্রুটিপূর্ণ তথ্য সম্বলিত আবেদন কিংবা প্রার্থী কর্তৃক দাখিলকৃত কাগজপত্র জাল/মিথ্যা প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় অসদুপায় অবলম্বন/প্রতারণার আশ্রয় নিলে উক্ত প্রার্থীর সাথে কোন প্রকার যোগাযোগ ব্যতিরেকেই নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে। কোন প্রকার তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

১৬। প্রার্থীগণকে MCQ Test এবং/বা লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভ্রমণ/দৈনিক ভাতা প্রদান করা হবে না।

১৭। নিয়োগ সংক্রান্ত যাবতীয় তথ্য সময় সময় কোম্পানির ওয়েবসাইটে (www.icbamcl.com.bd) প্রকাশ করা হবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন/সকল আবেদন বাতিল/পদসংখ্যা বৃদ্ধি/হ্রাস এবং নিয়োগ কার্যক্রম পরিবর্তন, সংশোধন ও বাতিল করার চূড়ান্ত অধিকার সংরক্ষণ করে।

স্বাক্ষরিত/-
(মাহমুদা আক্তার)
প্রধান নির্বাহী কর্মকর্তা
আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড
ফোনঃ ৮৩০০৪১২